

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০৮

তারিখ:

২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

১০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

Shyampur Sugar Mills Limited (SHYAMPSUG) ঢাকা স্টক এক্সচেঞ্জের একটি তালিকাভুক্ত কোম্পানি। কোম্পানিটির শেয়ারের দর ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ৯২.০০ টাকা ছিল যা বৃদ্ধি পেয়ে ২৬ অক্টোবর ২০২৩ তারিখে ১৫৬.২০ টাকা হয়েছে। শেয়ার মূল্যের অস্বাভাবিক গতিবিধির জন্য উক্ত কোম্পানিটির ১৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ হতে পরবর্তী সময়ের জন্য লেনদেন (Trading) এর উপর তদন্তের নির্দেশনা দিয়ে ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে ঢাকা স্টক এক্সচেঞ্জকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সার্ভেইল্যান্স বিভাগ থেকে পত্র মারফত ২০ কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

Mohammad Rezaul Karim

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র